# জাতীয় বিশ্ববিদ্যালয়
গাজীপুর

সূত্র নং - জাতী:বি:/ রেজি:/একা:/ ১৬(৬৯৩)/২১৩০ তারিখ :০৯/০২/২০১৪

## ২০১২ সালের স্নাতকোত্তর ১ম পর্ব (প্রাইভেট) কোর্সে রেজিস্ট্রেশন বিজ্ঞপ্তি

Website: www.nubd.info/mp
E-mail : mp@nubd.info

রেজিস্ট্রেশনের আবেদন সংক্রান্ত নিয়মাবলী ও প্রয়োজনীয় তথ্যাদি নিম্নে বর্ণিত হলো :

**১। ভর্তির যোগ্যতা**

ক) জাতীয় বিশ্ববিদ্যালয়/বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় হতে ২০১১ সাল অথবা তৎপূর্বে ০৩ বছর মেয়াদী ডিগ্রী (পাস)/ সমমান পরীক্ষায় কমপক্ষে ৩য় বিভাগে একই প্রতিষ্ঠান থেকে উত্তীর্ণ প্রার্থীগণ ২০১২ সালের স্নাতকোত্তর ১ম পর্ব (প্রাইভেট) কোর্সে রেজিস্ট্রেশনের জন্য আবেদন করতে পারবেন।

খ) ০৩ বছর মেয়াদী অনার্স কোর্সে কমপক্ষে ৩য় শ্রেণী প্রাপ্ত/৪ বছর মেয়াদী অনার্স কোর্সে পাস ডিগ্রী প্রাপ্ত শিক্ষার্থীগণও আবেদনের যোগ্য।

গ) ডিগ্রী (পাস)/ সমমান পরীক্ষায় উত্তীর্ণসহ ২০১১ সাল অথবা তৎপূর্বে জাতীয় বিশ্ববিদ্যালয়ের সার্টিফিকেট কোর্স (৪০০ নম্বর সম্বলিত) পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণ সংশ্লিষ্ট বিষয়ে ভর্তির জন্য আবেদন করতে পারবেন।

ঘ) ইসলামী বিশ্ববিদ্যালয় থেকে ৩ বছর মেয়াদী ফাজিল পরীক্ষায় কমপক্ষে ৩য় বিভাগে উত্তীর্ণ প্রার্থীগণ আবেদনের যোগ্য।

ঙ) গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এর সংশ্লিষ্ট দপ্তর হতে অনুমতি গ্রহণ, শর্তাবলী পূরণ ও উত্তম আচরণের প্রত্যয়নপত্র দাখিল সাপেক্ষে কারাবন্দীগণও আবেদন করতে পারবেন।

**২। অনলাইনে আবেদনের নিয়মাবলী, সময়সূচী ও ধার্যকৃত ফি**

ক) স্নাতকোত্তর ১ম পর্ব (প্রাইভেট) কোর্সে আবেদনের জন্য প্রার্থী ১৫/০২/২০১৪ তারিখ থেকে ওয়েবসাইট **www.nubd.info/mp** এ ফরম পূরণ করতে পারবেন। আবেদনপত্র দাখিলের সময় প্রার্থীর পাসপোর্ট আকারের রঙিন ছবি স্ক্যান করে আপলোড করতে হবে। ছবির মাপ 120×150 Pixels, Image type: JPG এবং maximum file size: 50KB. আবেদন দাখিলের পর প্রার্থী একটি PIN নম্বর পাবেন এবং আবেদনপত্র প্রিন্ট করতে পারবেন। অনলাইন আবেদনে কোন ধরনের ভুল তথ্য উপস্থাপন করলে আবেদন সরাসরি বাতিল বলে গণ্য হবে।

গ) আবেদন ফরমের ২টি অংশ থাকবে যার ১ম অংশ কলেজ/বিশ্ববিদ্যালয়ের এবং ২য় অংশ আবেদনকারীর। ফরমের নির্দিষ্ট স্থানে কলেজ অধ্যক্ষ ও প্রার্থী স্বাক্ষর করবেন।

ঘ) আবেদনকারী প্রিন্টআউটকৃত ফরম, আবেদন ফি, রেজিস্ট্রেশন ফি ও প্রয়োজনীয় কাগজপত্র নির্ধারিত কলেজে জমা দিয়ে নিজের অংশ গ্রহণ করবেন।

**ভর্তির সময়সূচী**

**বিলম্ব ফি ব্যতীত**

| | |
|---|---|
| i) ভর্তির শেষ তারিখ ........ | ০৮/০৩/২০১৪ |
| ii) ভর্তিকৃত শিক্ষার্থীদের ডাটা অন-লাইনে এন্ট্রি করার শেষ তারিখ ........ | ১১/০৩/২০১৪ |
| iii) শিক্ষার্থী প্রতি রেজিস্ট্রেশন ফি (একই সঙ্গে ১ম পর্ব ও শেষ পর্বের জন্য) ১২০০/- (এক হাজার দুইশত) টাকার ব্যাংক ড্রাফট করার শেষ তারিখ | ১২/০৩/২০১৪ |

**বিলম্ব ফিসহ**

| | |
|---|---|
| i) ভর্তির শেষ তারিখ ........ | ২৯/০৩/২০১৪ |
| ii) শিক্ষার্থীদের ডাটা অন-লাইনে এন্ট্রি করার শেষ তারিখ ........ | ৩১/০৩/২০১৪ |
| iii) রেজিস্ট্রেশন ফি ২০০০/- (দুই হাজার) টাকা হারে ব্যাংক ড্রাফট করার শেষ তারিখ | ০১/০৪/২০১৪ |

| | |
|---|---|
| **ব্যাংক ড্রাফট, আবেদন ফরম, ভর্তি বিবরণী ও আনুষঙ্গিক কাগজপত্র বিশ্ববিদ্যালয়ের অ্যাকাডেমিক স্নাতকোত্তর শাখায় জমা দেয়ার শেষ তারিখ** | ০৩/০৪/২০১৪ |

**ধার্যকৃত ফি**

| | |
|---|---|
| আবেদন ফি | : ৩০০/-(তিনশত) টাকা |
| রেজিস্ট্রেশন ফি (একই সঙ্গে ১ম পর্ব ও শেষ পর্বের জন্য) | : ১২০০/-(এক হাজার দুইশত) টাকা |
| বিলম্ব ফিসহ রেজিস্ট্রেশন ফি | : ২০০০/-(দুই হাজার) টাকা |

৩। বিষয় নির্বাচন

ক) রেজিস্ট্রেশনের জন্য জাতীয় বিশ্ববিদ্যালয়ের অনুমোদিত বিষয়সমূহ
**বাংলা, ইংরেজি, ইতিহাস, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি, দর্শন, আরবী, ইসলামিক স্টাডিজ, সংস্কৃত, পালি, অর্থনীতি, রাষ্ট্রবিজ্ঞান, হিসাববিজ্ঞান, ব্যবস্থাপনা, মার্কেটিং ও ফিন্যান্স এন্ড ব্যাংকিং।**

খ) বিষয় নির্বাচনের ক্ষেত্রে অবশ্যই ডিগ্রী (পাস)/ সমমান পর্যায়ে পঠিত অথবা সার্টিফিকেট কোর্স পরীক্ষায় উত্তীর্ণ বিষয় নির্বাচন করা যাবে।

গ) ডিগ্রী (পাস) কোর্সে পঠিত **ইসলামের ইতিহাস ও সংস্কৃতি / ইতিহাস** বিষয়ের সমগোত্রীয় বিষয় হিসেবে **ইতিহাস / ইসলামের ইতিহাস ও সংস্কৃতি** বিষয়টি গণ্য করা যাবে।

ঘ) নূন্যতম ৪০০ নম্বরের বাংলা ও ইংরেজি ব্যতীত আবশ্যিক বাংলা ও ইংরেজি বিষয় নিয়ে সরাসরি অত্র কোর্সে রেজিস্ট্রেশনের আবেদন করা যাবে না।

৪। রেজিস্ট্রেশনের শর্তাবলী

ক) উক্ত কোর্সে রেজিস্ট্রেশনের আবেদন করার সময় কোন বিষয় / কলেজ নির্বাচন করার পর পরবর্তীতে উক্ত বিষয় /কলেজ পরিবর্তনের অনুমতি দেয়া যাবে না।

খ) স্নাতকোত্তর ১ম পর্ব (নিয়মিত) কোর্সের জন্য নির্ধারিত পাঠ্যসূচী অত্র কোর্সের পরীক্ষার্থীদের হুবহু অনুসরণ করতে হবে।

গ) শিক্ষার্থীগণকে রেজিস্ট্রেশন ও পরীক্ষা সংক্রান্ত সকল বিষয়ে একাডেমিক কাউন্সিল ও সিন্ডিকেট কর্তৃক প্রদত্ত সিদ্ধান্ত মেনে নিতে হবে।

ঘ) কোন শিক্ষার্থী একই সময়ে একাধিক কোর্সে কিংবা একাধিক বিশ্ববিদ্যালয় / প্রতিষ্ঠানে অধ্যয়ন করলে দ্বৈত ভর্তিজনিত কারণে উক্ত শিক্ষার্থীর ভর্তি ও ফলাফল বাতিল বলে গণ্য হবে।

ঙ) **স্নাতকোত্তর ১ম পর্ব কোর্সে রেজিস্ট্রেশন স্নাতকোত্তর শেষ পর্ব কোর্সের জন্যও বলবৎ থাকবে-১ম পর্ব ও শেষ পর্ব কোর্স সম্পন্ন করার জন্য রেজিস্ট্রেশনের মেয়াদ হবে বিরতিহীনভাবে ৫ (পাঁচ) শিক্ষাবর্ষ । ১ম পর্ব পরীক্ষায় উর্ত্তীণ হওয়ার ৩ (তিন) বৎসরের মধ্যে স্নাতকোত্তর শেষ পর্ব পরীক্ষায় উর্ত্তীণ না হতে পারলে বা পরীক্ষায় অংশগ্রহণ না করলে স্নাতকোত্তর ১ম পর্ব পরীক্ষার ফলাফল বাতিল বলে গণ্য হবে।**

৫। **পূরণকৃত আবেদন ফরমের প্রিন্টকপির সাথে নিম্নবর্ণিত কাগজপত্র সংযুক্ত করতে হবে**

ক) এস এস সি/সমমান, এইচ এস সি/সমমান পরীক্ষা পাশের মূল সনদ ও নম্বরপত্রের সত্যায়িত ফটোকপি;

খ) ডিগ্রী (পাস)/সমমান পরীক্ষা পাশের মূল/সাময়িক সনদ ও নম্বরপত্রের সত্যায়িত ফটোকপি;

গ) উন্মুক্ত/ইসলামী বিশ্ববিদ্যালয় থেকে ডিগ্রী (পাস)/সমমান পরীক্ষায় উত্তীর্ণ ছাত্র-ছাত্রীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয় হতে গৃহীত মাইগ্রেশন সনদের সত্যায়িত ফটোকপি;

ঘ) সংশ্লিষ্ট কলেজের অধ্যক্ষ/ গেজেটেড অফিসার কর্তৃক চারিত্রিক এবং পাঠ বিরতি সনদ (প্রযোজ্য ক্ষেত্রে);

ঙ) জাতীয় বিশ্ববিদ্যালয় হতে উত্তীর্ণ প্রার্থীদের ডিগ্রী (পাস) কোর্সের রেজিস্ট্রেশন কার্ডের সত্যায়িত ফটোকপি;

চ) সার্টিফিকেট কোর্স পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মূল/সাময়িক সনদপত্র , নম্বরপত্র এবং রেজিস্ট্রেশন কার্ডের সত্যায়িত ফটোকপি;

ছ) প্রতিরক্ষা বাহিনীতে কর্মরত প্রার্থীগণকে "শিক্ষা ছুটি দেয়া হবে" মর্মে বিভাগীয় প্রধানের প্রত্যয়নপত্র।

৬। **কলেজ কর্তৃপক্ষের করণীয়**

ক) শিক্ষার্থী প্রতি আবেদন ফরম বাবদ ৩০০/- (তিনশত) টাকার মধ্যে ১০০/- (একশত) টাকা হারে সংশ্লিষ্ট কলেজের ভর্তি ব্যয় নির্বাহের জন্য এবং অবশিষ্ট ২০০/- (দুইশত) টাকা হারে **"ভর্তি ফান্ড" জাতীয় বিশ্ববিদ্যালয়** শিরোনামে সোনালী ব্যাংক, জাতীয় বিশ্ববিদ্যালয় শাখা বরাবর ব্যাংক ড্রাফট করে জাতীয় বিশ্ববিদ্যালয়ের অর্থ ও হিসাব শাখায় জমা দিয়ে; রশিদের একটি অংশ সংশ্লিষ্ট শাখায় জমা দিতে হবে। ভর্তি ফান্ডের ডিডি/পে- অর্ডার জমা দেয়ার জন্য অধ্যক্ষ কর্তৃক ডীন বরাবর পত্র প্রেরণ করতে হবে। পত্রে সংশ্লিষ্ট শাখার সুপারিশের ভিত্তিতে অর্থ ও হিসাব শাখা থেকে চালান নম্বর নিয়ে ব্যাংকে জমা দিতে হবে। এছাড়া রেজিস্ট্রেশন ফি (নির্ধারিত হারে) **রেজিস্ট্রার, জাতীয় বিশ্ববিদ্যালয়** শিরোনামে ডিডি করতে হবে।

খ) হিসাব বিবরণীতে ভর্তিকৃত ছাত্র-ছাত্রীর সংখ্যা বিষয় অনুযায়ী পৃথকভাবে Online থেকে প্রিন্ট করতে হবে ;

গ) আবেদনকারীদের আবেদন কপিসহ প্রয়োজনীয় কাগজপত্র (ভর্তি বিবরণী যা ডাটা এন্ট্রির পর Online থেকে প্রিন্ট পাওয়া যাবে) যাচাইপূর্বক প্রতিটি কোর্স/বিষয় অনুযায়ী সাজিয়ে পৃথকভাবে প্যাকেট করে জমা দিতে হবে।

ঘ) ভর্তি ফরম এবং ছাত্র-ছাত্রীর রিসিভ কপিতে বিষয়ভিত্তিক কলেজ একই সিরিয়াল নম্বর প্রদান করবে। সিরিয়াল নম্বর প্রতিটি বিষয়ে ১ (এক) থেকে শুরু হবে। সিরিয়াল অনুযায়ী আবেদন পত্র সাজিয়ে বিশ্ববিদ্যালয়ে প্রেরণ করতে হবে। ভর্তির আবেদনের এক কপি কলেজে ডাটা এন্ট্রির জন্য রাখতে হবে।

ঙ) ডাটা এন্ট্রির জন্য কলেজ কর্তৃপক্ষকে নিয়মিত কোর্সের মত College login ও তাদের Pass word ব্যবহার করতে হবে।

চ) **ছাত্র-ছাত্রীদের কোন ভুল তথ্য কিংবা এন্ট্রির সময় কোন ভুল হলে কলেজকে বিশ্ববিদ্যালয়ে ডাটা প্রেরণের আগেই তা সংশোধন করে প্রেরণ করতে হবে।**

ছ) বিশ্ববিদ্যালয়ে ডাটা প্রেরণের পর কোন ভুল থাকলে কিংবা কোন পরিবর্তন করতে চাইলে ৪০০/(চারশত) টাকা হারে ফি দিয়ে করা যাবে। পত্র কোড পরিবর্তনের জন্য ৪৫০/- (চারশত পঞ্চাশ) টাকা ফি জমা দিতে হবে। তবে ডাটা প্রেরণের পূর্বেই যতটা সম্ভব সংশোধন করে প্রেরণ করা বাঞ্ছনীয়।

৭। নিম্নবর্ণিত কলেজসমূহে ২০১০ সালের স্নাতকোত্তর ১ম পর্ব (প্রাইভেট) কোর্সে রেজিস্ট্রেশনের জন্য আবেদন করা যাবে:

১. ঢাকা কলেজ, ঢাকা
২. ইডেন কলেজ, ঢাকা
৩. সরকারি তিতুমীর কলেজ, ঢাকা
৪. কবি নজরুল সরকারি কলেজ, ঢাকা
৫. ঢাকা সিটি কলেজ, ঢাকা
৬. তেজগাঁও কলেজ, ঢাকা
৭. লালমাটিয়া মহিলা কলেজ, ঢাকা
৮. মোহাম্মদপুর কেন্দ্রীয় কলেজ, ঢাকা
৯. শেখ বোরহানুদ্দিন কলেজ, ঢাকা
১০. হাবীবুল্লাহ বাহার কলেজ, ঢাকা
১১. সরকারি বাঙলা কলেজ, ঢাকা
১২. সিদ্ধেশ্বরী কলেজ, ঢাকা
১৩. নিউ মডেল ডিগ্রী কলেজ, ঢাকা
১৪. আবুজর গিফারী কলেজ, ঢাকা
১৫. বেগম বদরুন্নেছা সরকারি মহিলা কলেজ, ঢাকা
১৬. সরকারি নাজিমুদ্দিন কলেজ, মাদারীপুর
১৭. সরকারি সা'দত কলেজ, টাঙ্গাইল
১৮. সরকারি রাজেন্দ্র কলেজ, ফরিদপুর
১৯. সরকারি বঙ্গবন্ধু কলেজ, গোপালগঞ্জ
২০. টঙ্গী সরকারি কলেজ, গাজীপুর
২১. ভাওয়াল বদরে আলম সরকারি কলেজ, গাজীপুর
২২. আনন্দমোহন কলেজ, ময়মনসিংহ
২৩. সরকারি আশেক মাহমুদ কলেজ, জামালপুর
২৪. নরসিংদী সরকারি কলেজ, নরসিংদী
২৫. সরকারি তোলারাম কলেজ, নারায়নগঞ্জ
২৬. নেত্রকোণা সরকারি কলেজ, নেত্রকোণা
২৭. সরকারি দেবেন্দ্র কলেজ, মানিকগঞ্জ
২৮. রাজশাহী কলেজ, রাজশাহী
২৯. সরকারি আযিযুল হক কলেজ, বগুড়া
৩০. দিনাজপুর সরকারি কলেজ, দিনাজপুর
৩১. কারমাইকেল কলেজ, রংপুর
৩২. নীলফামারী সরকারী কলেজ, নীলফামারী
৩৩. সরকারি এডওয়ার্ড কলেজ, পাবনা
৩৪. সিরাজগঞ্জ সরকারি কলেজ, সিরাজগঞ্জ
৩৫. নওগাঁ সরকারি কলেজ, নওগাঁ
৩৬. চট্টগ্রাম সরকারি কলেজ, চট্টগ্রাম
৩৭. চট্টগ্রাম কমার্স কলেজ, চট্টগ্রাম
৩৮. ভিক্টোরিয়া সরকারি কলেজ, কুমিল্লা
৩৯. এমসি কলেজ, সিলেট
৪০. চাঁদপুর সরকারি কলেজ, চাঁদপুর
৪১. হাজী মুহাম্মদ মহসীন কলেজ, চট্টগ্রাম
৪২. নোয়াখালী সরকারি কলেজ, নোয়াখালী
৪৩. সরকারি বি এম কলেজ, বরিশাল
৪৪. **বি এল কলেজ, খুলনা**
৪৫. **এম এম কলেজ, যশোর**
৪৬. কুষ্টিয়া সরকারি কলেজ, কুষ্টিয়া।
৪৭. লক্ষীপুর সরকারি কলেজ, লক্ষীপুর
৪৮. পটুয়াখালী সরকারি কলেজ, পটুয়াখালী
৪৯ আলহাজ্ব মকবুল হোসেন কলেজ, ঢাকা

৮। রেজিস্ট্রেশন প্রক্রিয়া সুষ্ঠুভাবে সম্পন্ন করার লক্ষ্যে উল্লিখিত সময়ের পর বিলম্বে বা বিশেষ অনুমতিতে ভর্তির আবেদন করা যাবে না বিধায় নির্দিষ্ট সময়ের পর বিশেষ ভর্তির কোন আবেদন পত্রে সুপারিশ করে বিশ্ববিদ্যালয়ে প্রেরণ না করার জন্য কলেজ অধ্যক্ষকে অনুরোধ করা হলো।

৯। রেজিস্ট্রেশন সংক্রান্ত এ বিজ্ঞপ্তির যে কোন শর্ত বাতিল বা পরিবর্তনের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

৯/২/১৪

(প্রফেসর ড. সায়েদা বানু)
ডীন (ভারপ্রাপ্ত)
স্নাতকোত্তর শিক্ষা, প্রশিক্ষণ ও গবেষণা কেন্দ্র
জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর-১৭০৪।

সূত্র নং - জাতী:বি:/ রেজি:/একা:/ ১৬(৬৯৩)/২১৩০ তারিখ : ০৯/০২/২০১৪

**অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হ'ল :**

১. সকল ডীন, জাতীয় বিশ্ববিদ্যালয়
২. সকল বিভাগ/দপ্তর প্রধান, জাতীয় বিশ্ববিদ্যালয়
৩. অধ্যক্ষ, ----------------------------------------------------------
৪. উপ-রেজিস্ট্রার ও সচিব, ভাইস-চ্যান্সেলর-এর দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
৫. উপ-পরিচালক, অর্থ ও হিসাব, জাতীয় বিশ্ববিদ্যালয়
৬. সহকারী রেজিস্ট্রার, প্রো-ভাইস-চ্যান্সেলর (প্রশাসন)-এর দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
৭. সহকারী রেজিস্ট্রার, প্রো-ভাইস-চ্যান্সেলর (একাডেমিক)-এর দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
৮. সহকারী রেজিস্ট্রার, ট্রেজারার-এর দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
৯. সহকারী রেজিস্ট্রার, রেজিস্ট্রার-এর দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
১০. অফিস কপি/ নোটিশ বোর্ড/সংশ্লিষ্ট সকল নথি।

উপ- রেজিস্ট্রার
স্নাতকোত্তর শিক্ষা, প্রশিক্ষণ ও গবেষণা কেন্দ্র
জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর - ১৭০৪।
ফোন : ৯২৯১০৭০